

ইসলামী বিশ্ববিদ্যালয়

সিলেবাস সংক্রান্ত জটিলতা নিরসন
ডিপ্লোমা কোর্স চালু

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া), ১৩ই নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)।- দীর্ঘ দুই মাস নানা টানা হেঁচড়ার পর ইসলামী বিশ্ববিদ্যালয়ের বিতর্কিত ইসলামী শিক্ষা সংক্রান্ত সিলেবাস-এর জটিলতা নিরসন হয়েছে। অনার্স কোর্সের সাথে বাধ্যতা-মূলককৃত দু'শ' নম্বরের বিশ্ববিদ্যালয় কোর্স বাতিল করে সাবসিডিয়ারী করা হয়েছে। একশ' নম্বরের ইসলামী শিক্ষা, (যেটা পূর্বে ব্যাকগাউন্ড হিসেবে ছিল) পঞ্চাশ নম্বর কম্পিউটার এবং পঞ্চাশ নম্বরের বাংলাদেশ স্টাডিজ নিয়ে দু'শ' নম্বরের বিশ্ববিদ্যালয় কোর্স নিয়ে 'বিশ্ববিদ্যালয় কোর্স' নামে আলাদা একটি কোর্স দাঁড় করানো হয়েছে। এটা ডিপ্লোমা কোর্স হিসেবে পরিগণিত হবে এবং এ কোর্স সম্পন্ন করার পর বিশ্ববিদ্যালয় সার্টিফিকেট কোর্সের সনদপত্র প্রদান করা হবে। হিন্দু ছাত্রদের জন্য একশ' নম্বরের ইসলামী স্টাডিজ-এর স্থলে একশ' নম্বরের তুলনামূলক ধর্মতত্ত্ব পড়ার বিধান রাখা হয়েছে। মাদ্রাসা হতে আগত ছাত্রছাত্রীদের জন্য একশ' নম্বর ইংরেজী পড়তে হবে। উপাচার্য, রেজিটার, ডীন ও প্রক্টরের সাথে ছাত্রদল, ছাত্রলীগ, ছাত্র ইউনিয়ন, ছাত্রমৈত্রী, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টসহ নয়টি ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের দু' দফা বৈঠকের পর সিলেবাস সংক্রান্ত বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হয়। ৬ই অক্টোবর একাডেমিক কাউন্সিলের সভায় এই সিদ্ধান্ত কার্যকরী করে নেয়া

হয়। প্রত্যেক ছাত্রছাত্রীকে পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার জন্য বিশ্ববিদ্যালয়ে কোর্সে শতকরা ৪০ নম্বর পেতে হবে এবং অনার্স সার্টিফিকেট পেতে বিশ্ববিদ্যালয় কোর্স অবশ্যই সম্পন্ন করতে হবে।